Total number of printed pages: 6 (six) **DCBL-2019-101**

**2019**

Diploma Course in Bengali Language (DCBL)

**First Semester : 1st paper**

Bengali Language and Literature on Historical Perspective

Full Marks: 80 Time: 3 hours

**২০১৯**

বাংলা ভাষা ডিপ্লোমা পাঠক্রম

**প্রথম ষাণ্মাসিক : ১ম পত্র**

ইতিহাসের আলোকে বাংলা ভাষা ও সাহিত্য

পূর্ণমান: ৮০ সময়: ৩ ঘণ্টা

১। শুদ্ধ উত্তরটি যথাস্থানে বসান: ১ x ৪ = ৪

ক) পৃথিবীতে বাংলা _____ (৭ কোটি / ২৫ কোটি / ৩৩ কোটি) মানুষের মুখের ভাষা।

খ) ভারতের উত্তর পূর্বাঞ্চলের _____ (নগাঁও/ কামরূপ/ বরাক উপত্যকা) অঞ্চলটি বঙ্গীয় সমভূমির স্বাভাবিক সম্প্রসারণ।

গ) আকবরের আমলে সিলেট _____ (বাংলা সুবা / কাছাড় / প্রতাপগড় পরগণা)-এর অন্তর্গত ছিল।

ঘ) আকাশবাণীর শিলচর কেন্দ্রে বাংলা ছাড়া হিন্দি, মণিপুরি এবং _____ (ডিমাসা / কামতাপুরি / সাঁওতালি) ভাষায় নিয়মিত অনুষ্ঠান প্রচারিত হয়।

২। অতি সংক্ষেপে উত্তর করুন: (যে কোনও ৫টি) : ১ x ৫ = ৫

ক) বাঙালি জাতিসত্তার বিকাশ প্রাথমিকভাবে কোন ভূমিতে ঘটেছে?

খ) বাঙালিরা তাঁদের জাতিবাচক অভিধাটি কোন সূত্রে লাভ করেছে?

গ) বাংলা ভাষাটি কোন্ ভাষা-পরিবারের অন্তর্ভুক্ত।

ঘ) বরাক-সুরমা উপত্যকা কোন উপত্যকার উত্তরাংশ?

ঙ) 'বাঙ্গালীর ইতিহাস' গ্রন্থটির লেখক কে?

চ) কোন দুইটি জাতিগোষ্ঠীর সংমিশ্রণে বাঙালি জাতিগোষ্ঠী তৈরি হয়েছে?

অপর পৃষ্ঠায় দেখুন

৩। যে কোনও দুইটি প্রশ্নের উত্তর লিখুন: ৩ x ২ = ৬

ক) বাঙালি যে একটি মিশ্র জাতি -এর প্রমাণ কোথায়? দুটি যুক্তি দিয়ে উত্তরটি লিখুন।

খ) পশ্চিমবঙ্গ ছাড়া ভারতের কোন্ কোন্ প্রদেশে বাঙালিদের বসবাস এবং বাংলা ভাষার প্রচলন রয়েছে? ওইসব রাজ্যে বাংলা ভাষার কি কোনও স্বীকৃতি আছে

গ) বাংলার ভূখণ্ড এবং বাংলা ভাষার ভূখণ্ড কি এক? যুক্তিপূর্ণ উত্তর দিন।

৪। সংক্ষেপে উত্তর দিন: ১ x ৪ = ৪

ক) পশ্চিমবঙ্গ, ত্রিপুরা, আসাম, বিহার ছাড়াও উত্তর ভারতের আরেকটি রাজ্যে বাংলা ভাষা সরকারিভাবে স্বীকৃত— সেটা কোথায়?

খ) ঐতিহাসিক পরিক্রমায় বাংলা ভাষায় ইসলামীয় সংস্কৃতির সংস্পর্শ থেকে কোন্ কোন ভাষিক শব্দের সংযোজন ঘটেছে।

গ) পণ্ডিতদের মতে বাংলা ভাষার উদ্ভব কখন হয়েছিল?

ঘ) কোন্ জনগোষ্ঠীর মুখের ভাষাকে ইন্দো-ইউরোপীয় ভাষা হিসেবে চিহ্নিত করা হয়েছে?

৫। যে কোনও দুইটি প্রশ্নের সংক্ষেপে উত্তর দিন: ২ x ২ = ৪

ক) বাংলা ভাষার সাধুরূপটি বর্তমানে কোথায় টিকে আছে?

খ) চর্যাপদ পুথিটি কে, কোথায় আবিষ্কার করেন?

গ) ভাষা পরিবার বলতে কী বোঝায়?

৬। প্রশ্নানুযায়ী উত্তর লিখুন: ১ x ৪ = ৪

ক) আর্য-ভাষা গোষ্ঠীর মানুষের ভারতে প্রবেশ ও বসতি বিস্তারের সময়কালটি কী?

খ) বাংলা ভাষার প্রাচীনতম লিখিত নিদর্শনটি কী?

গ) সুনীতিকুমার চট্টোপাধ্যায়, সুকুমার সেন প্রভৃতির মতে কোন্ ভাষাটি পরিবর্তিত হয়ে বাংলায় রূপলাভ করেছে?

ঘ) চর্যাগীতির ভুবনের জীবন্ত প্রতিচ্ছবি কোন্ আধুনিক উপন্যাসে প্রতিফলিত হয়েছে? —বইটির রচয়িতা কে?

৭। শুদ্ধ উত্তরটি বেছে নিন: ১ x ৩ = ৩

ক) ভারতীয় আর্যভাষার প্রাচীনতম নমুনা পাওয়া ____ যায় (ঋগ্বেদে / মহাভারতে)।

খ) ‘চর্যাচর্যবিনিশ্চয়’ পুথিটির আবিষ্কার কাল ____ (১৯০৬ / ১৯০৭ / ১৯১৬) খ্রিস্টাব্দ।

গ) আকবরের সাম্রাজ্য ____ (দশম / একাদশ / দ্বাদশ)টি সুবায় বিভক্ত ছিল।

 অপর পৃষ্ঠায় দেখুন

৮। যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দিন: ১ x ৩ = ৩

ক) মধ্যযুগে ‘রামায়ণ’ এবং ‘মহাভারত’ বাংলায় কারা অনুবাদ করেন?

খ) মালাধর বসুর গ্রন্থটির নাম কী?

গ) লৌকিক ধর্ম এবং লোকায়ত দেবদেবীকে অবলম্বন করে মধ্যযুগে বাংলায় যে সাহিত্য সৃষ্টি হয় এগুলোকে কী নামে অভিহিত করা হয়?

ঘ) হিন্দু-মুসলিম যৌথ জীবনচর্চা থেকে বাংলায় কী কী পুথি বা পাঁচালি সৃষ্টি হয়েছে?

৯। যে কোনও দুইটি প্রশ্নের উত্তর দিন : ২ x ২ = ৪

ক) মঙ্গলকাব্য বলতে কী বোঝায়? এর তিনটি প্রধান ধারা কী?

খ) বৈষ্ণবীয় ভাবাদর্শে অনুপ্রাণিত হন কোন্ সম্প্রদায়ের মানুষ? এরা কী কেবলই হিন্দু?

গ) ‘আগমনী’ ও ‘বিজয়া’ পদ বলতে কী বোঝায়? এ পদাবলিতে দেবী দুর্গাকে কোন্ রূপে দেখা হয়েছে?

ঘ) অষ্টাদশ শতাব্দীর দু’জন শাক্ত কবির নাম করুন।

১০। যে কোনও একটি প্রশ্নের উত্তর লিখুন : ৩ x ১ = ৩

ক) চৈতন্যদেব কবে জন্মগ্রহণ করেন? তাঁর পিতৃপুরুষের আদি বাসস্থান কোথায়? শ্রীচৈতন্যদেবের আবির্ভাব বাঙালির ধর্মচেতনা, ভাষা ও সাহিত্যকে কীভাবে সমৃদ্ধ করেছিল লিখুন।

খ) মধ্যযুগে হিন্দু ও ইসলামীয় ধর্মগ্রন্থ বাংলায় অনুবাদ করার ক্ষেত্রে প্রধান সমস্যা কী ছিল?

গ) কৈশোরে রবীন্দ্রনাথ ঠাকুর বৈষ্ণব পদাবলির প্রভাবে প্রভাবিত হয়ে কোন্ কাব্য রচনা করেন? এ কবিতার ভাষাকে কী নামে অভিহিত করা হয়?

১১। যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দিন : ১ x ৩ = ৩

ক) মুদ্রণ মাধ্যমের পূর্বে মানুষের প্রকাশ-মাধ্যম কী ছিল?

খ) কালের বিচারে গদ্য না পদ্য- কোন্‌টা প্রাচীন?

গ) বাংলায় মুদ্রণকর্ম অর্থাৎ বই ছাপানোয় কারা অগ্রণী ভূমিকা নেন?

ঘ) গল্পকাহিনী বা অন্য কোন সৃজনশীল সাহিত্য ছাড়া আর কোথায় বাংলা গদ্যের আত্মপ্রকাশের ধারাটি সনাক্ত করা যায়?



অপর পৃষ্ঠায় দেখুন

১২। যে কোনও দুইটি প্রশ্নের উত্তর লিখুন : ২ x ২ = ৪

ক) উইলিয়াম কেরি কে ছিলেন? বাংলা মুদ্রণ জগতে তাঁর অবদান কী?

খ) মুদ্রণ যন্ত্রের বিকাশ ও প্রচলনের আগে কোন্ সাহিত্যের প্রচলন ছিল?

গ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কীভাবে বাংলা মননশীল এবং সৃজনশীল গদ্যকে সমৃদ্ধ করেন? ইংরেজি ভাষা থেকে বাংলায় তিনি কী আহরণ করেন?

১৩। উত্তর লিখুন: (যে কোন দুইটি) : ১$^{১}/_{২}$ x ২ = ৩

ক) মধ্যযুগে কামরূপ-কাছাড় এবং সংলগ্ন আর কোন অঞ্চলে বাংলা গদ্যের নিদর্শন কোথায় পাওয়া গেছে?

খ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় সম্পাদিত পত্রিকার নাম কী? তিনি কেন সাহিত্য সম্রাট শিরোপার অধিকারী?

গ) বাংলা চলিত ভাষায় গদ্যরীতি প্রচলনে কে প্রধান ভূমিকা গ্রহণ করেন? তাঁর চলতি গদ্যে রচিত প্রবন্ধ রচনা কোন পত্রিকায় প্রথম শুরু হয়?

**অথবা**

যে-কোনও একটি স্তবকের যথাসম্ভব আধুনিক বাংলায় রূপ দিন, এবং সম্ভাব্য স্থানে বিরতি চিহ্ন বসান: ১ x ৩ = ৩

ক) ... আর রাজ্যর মনুশ্য জে জনে উজিরর বাক্যে না চলে মেল দেয়নে হেলা করিয়া দেয়রঙ্গ করে... তারে সর্ব্বদণ্ড করিমু এতদর্থ অভয় (প)ত্র দি(লা)ম...

খ) তোমার ফৌজ এখন হইতে উঠি গৈলে আমাদের একটি প্রণি একদিনো প্রাণিরক্ষা পারিব না অতএব আমাদের সকলকে অনুগ্রহ করিয়া কাপ্তান ওবলিস সাহেবকে ফৌজ সমেত থাকিয়া শত্রু দমন করি দেশটা প্রতুল করিবার নিমিত্তে হুকুম দিবেন...

১৪। যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দিন: ১ x ৩ = ৩

ক) অষ্টাদশ শতক পর্যন্ত বাংলা কবিতার প্রধান অবলম্বন কী ছিল? মুদ্রণ না শ্রুতি?

খ) সুরে পাঠ করা কবিতাকে কী বলা হয়?

গ) খেউড়, হাফ আখড়াই, চাপান-উতোর কী ধরনের সাহিত্য?

ঘ) ঊনবিংশ শতকের বাংলার একজন বিখ্যাত ফরাসী কবিয়ালের নাম করুন।

১৫। উত্তর লিখুন: (যে কোন দুইটি) : ২ x ২ = ৪

ক) ‘পাখি সব করে রব রাতি পোহাইল/ কাননে কুসুম কলি সকলই ফুটিল’— কে লিখেছেন? কোন্ শিশুপাঠ্য বই থেকে পংক্তি দু’টো নেওয়া হয়েছে?

খ) মাইকেল মধুসূদন দত্তের প্রধান কাব্যের নাম কী? এই কাব্যের চরিত্রলক্ষণ কী?

গ) রবীন্দ্রনাথ ঠাকুর কত খ্রিস্টাব্দে নোবেল পুরস্কার লাভ করেন? কোন বই-এর জন্য তিনি এ পুরস্কার পান?

ঘ) বাংলা গানের জগতে কাজি নজরুল ইসলাম কী বিশেষ অবদান রাখেন? তাঁর সংগীতকে কত ভাগে ভাগ করা যেতে পারে?

১৬। যে কোনও একটি প্রশ্নের উত্তর লিখুন: ৩ x ১ = ৩

ক) বাংলা ভাষার তৃতীয় ভুবন বলতে কোন্ অঞ্চলকে বোঝায়? বিংশ শতকের এ ভুবনের দু'জন কবি এবং তাঁদের কাব্য সম্বন্ধে সংক্ষিপ্ত টীকা লিখুন।

খ) জীবনানন্দ দাশের গদ্য এবং কবিতা সম্বন্ধে একটি সংক্ষিপ্ত পরিচিতি দিন।

১৭। যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দিন: ১ x ৩ = ৩

ক) নাটক বলতে কী বোঝায়?

খ) নাটকের তিনটি প্রধান উপাদান কী?

গ) যাত্রাদলের অধিকারীর কাজ কী?

ঘ) ভারতবর্ষে আধুনিক মঞ্চনাটক কাদের হাত ধরে আত্মপ্রকাশ করে?

১৮। উত্তর লিখুন: (যে কোনও দুইটি) : ২ x ২ = ৪

ক) ভারতবর্ষে সর্বপ্রথম বাংলা নাটক কে উপস্থাপন করেন? এ নাটকের নাম কী এবং কোথায় নাটকটি মঞ্চস্থ হয়?

খ) নাট্যাচার্য গিরিশ ঘোষকে বাংলার কোন মহাপুরুষ নাটক করতে অনুপ্রাণিত করেন? তাঁর নাটক সম্বন্ধে একটি সংক্ষিপ্ত টীকা লিখুন।

গ) দ্বিজেন্দ্রলাল রায় বাংলা নাটকে কী বিশেষ অবদান রাখেন? তাঁর কয়েকটি ঐতিহাসিক নাটকের নাম করুন।

ঘ) নাটককে সংগ্রামী হাতিয়ারে রূপান্তরিত করতে যে নাটকটি এক বিশেষ ভূমিকা পালন করে, এর নাম কী? নাটকটি কে লিখেছেন এবং কারা, কোথায় উপস্থাপন করেছেন?



অপর পৃষ্ঠায় দেখুন

১৯। যে কোনও একটি প্রশ্নের উত্তর দিন: ৩ x ১ = ৩

ক) নাটকে কুশীলব বলতে কী বোঝায়? এদের ভূমিকা কী? তাছাড়া নাট্য উপস্থাপনায় শ্রোতা-দর্শকদের গুরুত্বই বা কতটুকু?

খ) বাংলা নাটকে রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান কতটুকু? তাঁর রচিত বিভিন্ন আঙ্গিকের নাটকগুলোর সংক্ষিপ্ত পরিচিতি দিন।

২০। যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দিন: ১ x ৩ = ৩

ক) কথাসাহিত্য বলতে কী বোঝায়?

খ) কথাসাহিত্যের দুইটি জনপ্রিয় ধারা কী?

গ) বাংলায় সর্বপ্রথম ইউরোপীয় আঙ্গিকে সার্থক উপন্যাস কে রচনা করেন?

ঘ) 'রবিনসন ক্রুশো' কার রচনা?

২১। যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দিন: ১ x ৩ = ৩

ক) 'আলালের ঘরের দুলাল' কার রচনা? এটা পড়ে ইংরেজ সাহেব লেখককে কী উপাধিতে ভূষিত করেন?

খ) বাংলা সাহিত্যে কথাশিল্পী বলে কা'কে আখ্যায়িত করা হয়? তাঁর প্রধান উপন্যাসগুলোর নাম কী?

গ) 'বিষাদসিন্ধু' কার রচনা? এর তিনটি পর্বের নাম কী?

ঘ) বাংলা সাহিত্যে সার্থক ছোটগল্পকার হিসেবে সর্বপ্রথমে কার নাম আসে? তাঁর কয়েকটি গল্পের নাম লিখুন।

২২। যে কোনও দুইটি প্রশ্নের উত্তর : ২ x ২ = ৪

ক) 'অন্তরে অতৃপ্তি রবে/ সাঙ্গ করি মনে হবে / শেষ হয়েও হইল না শেষ'
—কে লিখেছেন পঙক্তিগুলো এবং কোন প্রসঙ্গে।

খ) 'পথের পাঁচালী' উপন্যাসটির লেখক কে? উপন্যাসে কোন্ জগৎটি প্রতিফলিত হয়েছে। কোন বিখ্যাত চলচ্চিত্রকার এ উপন্যাসকে চলচ্চিত্রে রূপ দিয়েছেন।

গ) ছোটগল্প বলতে কী বোঝায়? সাহিত্যে ছোটগল্পের আত্মপ্রকাশ কবে, কোন পরিস্থিতিতে হয়েছিল।

- শেষ পৃষ্ঠা -